দৈনিক খবর

13 SEP 1990
তারিখ ~~12 SEP 1990~~
পৃষ্ঠা ১৮ কলাম ৭

27

# নির্বাচনকে কেন্দ্র করে ঢাকা কলেজে হাঙ্গামা ঃ গুলী

।। খবর রিপোর্ট ।।

আগামী ১৬ই সেপ্টেম্বর অনুষ্ঠেয় ঢাকা কলেজ ছাত্র সংসদের নির্বাচনকে কেন্দ্র করে গতকাল বুধবার কলেজ ক্যাম্পাসে বিক্ষিপ্ত সংঘর্ষে একজন ছুরিকাহত এবং ক্যাম্পাসে পাঁচ রাউন্ড গুলী বর্ষিত হয়েছে। ক্যাম্পাসে ব্যাপক পুলিশ মোতায়েন করা হয়েছে।

নির্বাচনের ভোটার হবার জন্য গত মঙ্গলবার ছিল বেতন দেয়ার শেষদিন। গতকাল বুধবার জাতীয়তাবাদী ছাত্রদলের পক্ষ থেকে বেতন দেয়ার তারিখ আরো বাড়ানোর দাবী জানান হয়। ছাত্রলীগ (হা-অ)সহ অন্যরা এ দাবীর বিরোধিতা করে এবং এ ঘটনাকে কেন্দ্র করে দু'পক্ষের মধ্যে বিক্ষিপ্ত সংঘর্ষ ও উত্তেজনা শুরু হয়। এক পর্যায়ে ছাত্রলীগের (হা-অ) জিএস প্রার্থী অশ্রু, নির্বাচন পরিচালনা

শেষ পৃষ্ঠায় ৮ম কলামে

## নির্বাচনকে কেন্দ্র করে

প্রথম পৃষ্ঠার পর

কমিটির নেতা ফারুক আহমেদসহ কয়েকজন প্রতিপক্ষের হাতে প্রহৃত হয় এবং ছাত্রলীগের (হা-অ) রমনা থানা শাখার নেতা স্বপন মারাত্মক ছুরিকাহত হয়। দুপুর ২টার পর থেকে সন্ধ্যা পর্যন্ত কলেজ ক্যাম্পাসের বিভিন্ন স্থানে বিক্ষিপ্তভাবে সংঘর্ষ হয়।